



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রি:

### যুক্তরাজ্যের দি ইউনিভার্সিটি অব শেফিল্ড এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমরোতা স্মারক স্বাক্ষরিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের আন্তর্জাতিক পরিমন্ডলে উচ্চতর শিক্ষা, গবেষণা কর্ম, পাঠদান পদ্ধতি ও উন্নত কারিকুলাম সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান বিনিময়ের লক্ষ্যে যুক্তরাজ্যের দি ইউনিভার্সিটি অব শেফিল্ড এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। অদ্য ৫ মার্চ ২০১৭ তারিখ রবিবার দুপুর ২.০০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক'র উপস্থিতিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং যুক্তরাজ্যের দি ইউনিভার্সিটি অব শেফিল্ড'র পক্ষে অণুপ্রাণ ও জীব প্রযুক্তি বিভাগের চেয়ারম্যান প্রফেসর অ্যালেস্টার গোল্ডম্যান এ সমরোতা স্মারকে স্বাক্ষর করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন বরিশাল বায়োটেকনোলজি ইউকে লি: এর ব্যবস্থাপনা পরিচালক মি: বার্নাড ম্যাকমাহান, বরিশাল বায়োটেকনোলজি ইউকে লি: এর প্রতিষ্ঠাতা ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সঞ্জন কুমার দাস, বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঙ্গিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, উত্তিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান সহ অন্যান্যরা। সমরোতা স্মারক স্বাক্ষর শেষে অণুপ্রাণ ও জীব প্রযুক্তি বিষয়ে একটি সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের দি ইউনিভার্সিটি অব শেফিল্ড'র অণুপ্রাণ ও জীব প্রযুক্তি বিভাগের চেয়ারম্যান প্রফেসর অ্যালেস্টার গোল্ডম্যান। এসময় উপাচার্য মহোদয়, ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী এবং অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য আন্তর্জাতিক পর্যায়ে কোন বিশ্ববিদ্যালয়ের সাথে এই প্রথম বরিশাল বিশ্ববিদ্যালয়ের এ ধরনের সমরোতা স্মারক স্বাক্ষরিত হলো।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফিম  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)